আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশনের আগামী ২৯শে সেপ্টেম্বর অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার প্রার্থীদের জন্যে নীতি-নির্দেশিকা জারি/

(২) রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পারস্পরিক বদলির ক্ষেত্রে প্রস্তুত করা পোর্টালের জন্য যাবতীয় তথ্য আজকের মধ্যে দাখিল করতে আসাম সরকারের নির্দেশ/

(৩) পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকী উপলক্ষে প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রীর তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন/

এবং

(৪) বদরপুরে চলছে রেলগাড়ির কামরায় বিনামূল্যে রোগী দেখা ও চিকিৎসা পরিষেবা শিবির/

---------------------------------------------------------------------------

রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশন আগামী ২৯শে সেপ্টেম্বর রাজ্যে অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার জন্য প্রার্থীদের জন্য কিছু নীতি-নির্দেশিকা জারি করেছে । এই সম্পর্কে কমিশনের পক্ষ থেকে জারি করা বিজ্ঞপ্তি অনুসারে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময়ে পুলিশ এবং দায়িত্বশীল ব্যক্তিদের দ্বারা পরীক্ষার্থীদের মেটেল ডিটেক্টর সহ হাত দিয়েও

তল্লাশি করা হবে । এই ক্ষেত্রে কোনো প্রার্থীকে যদি সঠিকভাবে তল্লাশি করা না হয়, তবে সংশ্লিষ্ট প্রার্থী তৎক্ষণাৎ বিষয়টি ঐ কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিককে অবগত করতে পারবেন । এডমিট কার্ড, বৈধ পরিচয় পত্র ছাড়া কোনো প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না বলে জানিয়ে এই বিজ্ঞপ্তিতে পুনরায় জানানো হয়েছে যে- পরীক্ষা শেষ হওয়ার পর প্রার্থীরা প্রশ্নপত্র নিজেদের সঙ্গে আনতে পারবেন । একইসঙ্গে পরীক্ষা কেন্দ্রে প্রদান করা ও এম আর শিটে থাকা রোল নম্বর উত্তর করার পূর্বে সঠিকভাবে পরীক্ষা করতে প্রার্থীদের বলা হয়েছে । উল্লেখ্য- আগামী ২৯শে সেপ্টেম্বর সকাল ন'টা থেকে বেলা বারোটা পর্যন্ত স্নাতক পর্যায়ের তৃতীয় শ্রেণীর পদের জন্যে এবং দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে চারটা পর্যন্ত মাধ্যমিক পর্যায়ের চালক পদের পরীক্ষা অনুষ্ঠিত হবে । তথ্য অনুসারে তৃতীয় শ্রেণীর চার হাজার ৫৫ টি পদের জন্যে পাঁচ লক্ষ ২৯ হাজার ৯৮৯ জন্য এবং চালক পদের জন্যে দুই লক্ষ চার হাজার ৯৯১ জন প্রার্থী এই পরীক্ষায় অবতীর্ণ হচ্ছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে গত ১৫ই সেপ্টেম্বর অনুষ্ঠিত উচ্চতর মাধ্যমিক পর্যায়ের তৃতীয় শ্রেণীর পদের পরীক্ষার্থীদের প্রশ্ন সংক্রান্ত অভিযোগের জন্য রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশন একটি অনলাইন পোর্টাল চালু করেছে । www.site.sebaonline.org, WWW.ASSAM.GOV.IN শীর্ষক ওয়েবসাইট দুটির মাধ্যমে আগামী ২৮শে সেপ্টেম্বর বেলা সাড়ে এগারোটা থেকে আগামী দশই অক্টোবরের মধ্যে প্রার্থীরা প্রতিটি প্রশ্নপত্রের জন্য ৫০০ টাকা জমা দিয়ে প্রশ্ন সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে তা দাখিল করতে পারবে । এছাড়া ঐ দুটি ওয়েবসাইটের মাধ্যমে ২৭শে সেপ্টেম্বর বেলা সাড়ে এগারোটা থেকে ১৫ই অক্টোবরের মধ্যে ৫০ টাকা দিয়ে নিজের ও এম আর শিটের সফট কপি ডাউনলোড করতে পারবে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আগামী ২৯শে সেপ্টেম্বর জেলায় অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা- ( এ ডি আর ই-২০২৪)'র প্রস্তুতির বিষয়টি পর্যালোচনা করেছেন । আজ শিলচরে জেলা আয়ুক্তের সভাকক্ষে এই উপলক্ষে আয়োজিত এক সভায় জেলার ২৯টি পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে এই পরীক্ষা সম্পন্ন করার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে শ্রী যাদব সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন । জেলা আয়ুক্ত রাজ্য স্তরের নিযুক্তি কমিশনের দেওয়া নীতি-নির্দেশিকা মেনে চলার জন্য আধিকারিক-কর্মচারীদের নির্দেশ দেন । তিনি ত্রুটিমুক্তভাবে নির্বিঘ্নে পরীক্ষা সম্পন্ন করার জন্য পরীক্ষাকেন্দ্রগুলির ইন-চার্জ এবং সুপারভাইজিং

অফিসারদের মধ্যে সমন্বয় আরো বৃদ্ধি করার উপর গুরুত্ব আরোপ করেন । এই সভায় জেলা উন্নয়ন আধিকারিক নরসিং বে', শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত অন্তরা সেন, সদর শাখার অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন, আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদের আঞ্চলিক সচিব বিদ্যুৎ দেব প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে করিমগঞ্জ জেলায়ও আগামী ২৯শে সেপ্টেম্বর অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আজ একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয় । আজকের সভায় করিমগঞ্জ জেলার প্রতিটি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারীকদের পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা নিয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকারের সাধারণ প্রশাসন বিভাগের আয়ুক্ত সচিব রাজ্য সরকারের কর্মচারীদের পারস্পরিক বদলির ক্ষেত্রে প্রস্তুত করা পোর্টেলের জন্য যাবতীয় তথ্য আজকের মধ্যে দাখিল করতে সব বিভাগের প্রধান সচিবদের নির্দেশ দিয়েছেন ।নির্দেশে উল্লেখ করা হয়েছে যে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যের কর্মচারীদের পারস্পরিক বদলি প্রক্রিয়া একটি নির্দিষ্ট ব্যাবস্থায় করার জন্য নতিন ডিজিটেল পোর্টেল চালু করার বিষয়ে ঘোষণা করেছিলেন । আগামী দোসরা অক্টোবর থেকে এই পোর্টেলটি চালু হবে । সে অনুসারে জরুরীভাবে যাবতীয় তথ্য দাখিল করতে নির্দেশে বলা হয়েছে । উল্লেখ্য এই পোর্টেলের মাধ্যমে রাজ্যের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা অনলাইনের মাধ্যমে পারস্পরিক বদলির জন্য আবেদন জানাতে পারবেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মবার্ষিকী উপলক্ষ্যে আজ তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী মোদী বলেন যে রাষ্ট্রবাদী মহান পন্ডিতের আরম্ভ করা অন্তোদয়ার ধারণাই উন্নত ভারতবর্ষের লক্ষ্যে উপনীত হবার ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে । দেশের প্রতি পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের নিষ্ঠা ও সেবা চিরস্মরণীয় হয়ে থাকবে বলেও তিনি উল্লেখ করেন ।
স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পন্ডিত দীনদয়াল উপাধ্যায়কে একজন দেশপ্রেমিক , মানবিকতার পথ প্রদর্শক এবং রাজনৈতিক ক্ষেত্রে একজন চিন্তাশীল ব্যাক্তি বলে অভিহিত করে বলেন যে অন্ত্যোদয়া সম্পর্কে তাঁর ভাবনাই সামাজিক সম্প্রীতিকে অধিক শক্তিশালী করে তুলেছে । এই মহান ব্যাক্তির দেখানো সাংস্কৃতিক জাতীয়বাদের

নীতিকে অনুসরণ করেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উন্নয়নের ক্ষেত্রে একেবারে শেষ স্থানে থাকা লোকেরা যাতে সরকারী প্রকল্পের দ্বারা উপকৃত হন সে বিষয়টি নিশ্চিত করতে পেরেছেন বলে শ্রী শাহ মন্তব্য করেন ।
এদিকে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন যে পন্ডিত  দীনদয়াল উপাধ্যায় কেবল ভারতবর্ষেই নয় সমগ্র বিশ্বকে অর্থনৈতিক দর্শন উপহার দেওয়া সহ রাজনীতির ক্ষেত্রে বিশুদ্ধতা ও যথার্থতাকে প্রতিপন্ন করে রেখে গেছেন । তাঁর চিন্তাধারা তথা সমগ্র জীবন এবং কর্মকে প্রতিরক্ষামন্ত্রী শ্রী সিং সকলের জন্য অনুপ্রেরণার উৎস বলে আখ্যা দেন ।

---------------------------------------------------------------------------------------

বদরপুরে রেলগাড়ির কামরায় বিনামূল্যে রোগী দেখা এবং চিকিৎসা পরিষেবার শিবির শুরু হয়েছে । বর্তমানে বদরপুরে অবস্থান করে থাকা ইমপ্যাক্ট ইন্ডিয়া ফাউন্ডেশন লাইফ লাইন এক্সপ্রেসটি এবার বদরপুরে তাদের ২৪০ তম শিবিরের আয়োজন করেছে । উল্লেখ্য- এর আগে দেশের বিভিন্ন জায়গায় রোগীরা এই ট্রেন হাসপাতালের পরিষেবা লাভ করেছেন । শিবিরে আগামী ২৯ শে সেপ্টেম্বর পর্যন্ত চোখের পরীক্ষা সহ ছানি অপারেশন তথা চশমা বিতরন করা হবে । আগামী পয়লা অক্টোবর থেকে চৌঠা অক্টোবর পর্যন্ত কানের পরীক্ষা ও অস্ত্রোপচার, ৬ থেকে ৮ অক্টোবর পর্যন্ত কাটা ঠোট এবং পোড়া চামড়ার রোগীদের জন্য প্লাস্টিক সার্জারীর সুবিধা রয়েছে ।এছাড়া এই শিবিরে দাঁত ,হাড় ,স্ত্রী রোগ ইত্যাদি চিকিৎসার ব্যাবস্থাও রয়েছে বলে আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার সব সরকারী-বেসরকারী বিদ্যালয়গুলিতে আগামীকাল থেকে পুনরায় স্বাভাবিক সময় অনুযায়ী পাঠদান হবে । উল্লেখ্য তীব্র তাপপ্রবাহের জন্য বিদ্যালয়গুলির সময় সকাল সাড়ে সাতটা থেকে দুপুর সাড়ে ১২টা পর্য্যন্ত এগিয়ে নিয়ে আসা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন দূর্গা পূজা সুষ্ঠ-সুন্দর ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলার পূজা কমিটিগুলির সঙ্গে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত লাইরহলু খেনতের পৌরহিত্যে আয়োজিত সভায় দূর্গা পূজার অনুমতি , প্রতিমা নিয়ে শোভাযাত্রা এবং মাইক বাজানোর অনুমতির জন্য পূজা কমিটিগুলিকে সংশ্লিষ্ট চক্র আধিকারীকের কাছে আবেদন করতে বলা হয়েছে । এছাড়া সভায় পূজা কমিটিগুলিকে স্বেচ্ছাসেবকদের নামের তালিকা থানায় জমা দিতে বলা হয়েছে ।  এছাড়া পূজা মন্ডপে প্রবেশ ও প্রস্থানের পৃথক পথ রাখা , জরুরীকালীন

পরিস্থিতি মোকাবিলার জন্য অগ্নি নির্বাপনের ব্যবস্থা রাখার কথাও  সভায় বলা হয়েছে । আজকের সভায় বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীক সহ পূজা কমিটিগুলির কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পৌরসভার সভাপতি এজ বিজ্ঞপ্তীতে শহরে চলাচলকারী ই-রিক্সা এবং ব্যাটারী চালিত বাহনের মালিকদের তাদের ই-রিক্সা এবং বাহন সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনারের কাছে নথিভুক্ত করতে বলেছেন । নথিভুক্তির সময় মালিকের নাম , ভোটার কার্ড ,আধার কার্ড সঙ্গে আনতে বলা হয়েছে । আগামী পয়লা অক্টোবরের মধ্যে নাম নথিভুক্তি করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় সদ্য নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের মেডিকেল ফিটনেস প্রদান কার্য্যসূচী আগামীকাল থেকে করিমগঞ্জ সিভিল হাসপাতালের মাদার এন্ড চাইল্ড কেয়ার বিল্ডিং-এ অনুষ্ঠিত হবে । আগে এই কার্য্যসূচী জি এন এম ট্রেনিং স্কুলে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ।

বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে আগামীকাল সকাল সাড়ে দশটা থেকে আরম্ভ হওয়া এই কার্যসূচীতে এস ও পি অনুসারে প্রতিদিন একশ জন নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের মেডিকেল ফিটনেস সার্টিফিকেট প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী ৩০শে সেপ্টেম্বর বদরপুরঘাটের দেবেন্দ্র নগরে বিভি সি এল স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------